যুগান্তর

তারিখ 20 MAY 2003
পৃষ্ঠা ১ ও ১৫

# চট্টগ্রাম পলিটেকনিকে উপমন্ত্রীর উপস্থিতিতে শিবির-ছাত্রদল সংঘর্ষ

চট্টগ্রাম ব্যুরো

সোমবার চট্টগ্রাম পলিটেকনিক ইনস্টিটিউটে শিবির-ছাত্রদল কর্মীদের মধ্যে সংঘর্ষে ১০ জন আহত হয়েছে। ছাত্রদলের নবীন-বরণ

শিবির : পৃষ্ঠা ১৫ : কলাম ৩

## শিবির : ছাত্রদল সংঘর্ষ

(১ম পৃষ্ঠার পর)

অনুষ্ঠান চলাকালে শিবির কর্মীরা হামলা চালালে সংঘর্ষের সূত্রপাত হয়। বেলা ১২টায় পলিটেকনিক ইনস্টিটিউট মিলনায়তনে শিক্ষা উপমন্ত্রী আবদুস সালাম পিন্টুর উপস্থিতিতে এ ঘটনা ঘটে। ছাত্রদল ঘটনার জন্য ইসলামী ছাত্রশিবিরের ক্যাডারদের দায়ী করে বলেছে, রাজনৈতিক শিষ্টাচার বিবর্জিত কর্মকাণ্ডকে ছাত্রদল কখনই মেনে নেবে না। নবীন-বরণ অনুষ্ঠানে হামলার সময় শিবির ক্যাডাররা ছাত্রদলের দুই নেতাকে পাথর দিয়ে জখম করেছে বলেও অভিযোগ করা হয়েছে। এর আগে ছাত্রদলের বিবদমান দু'গ্রুপের মধ্যেও ক্যাম্পাসে হাতাহাতির ঘটনা ঘটে। ঘণ্টাব্যাপী ছাত্রদল ও শিবিরের কর্মীদের মধ্যে এ ঘটনা ঘটলেও পরে ছাত্রদল তাদের অনুষ্ঠান স্বাভাবিকভাবে শেষ করে। জানা যায়, গতকাল সোমবার চট্টগ্রাম পলিটেকনিক ইনস্টিটিউটে নবাগত ছাত্রছাত্রীদের নবীন-বরণ ও সম্মেলন অনুষ্ঠান ছিল। অনুষ্ঠানে অতিথি ছিলেন শিক্ষা উপমন্ত্রী আবদুস সালাম পিন্টু, ছাত্রদলের কেন্দ্রীয় সহ-সভাপতি আবদুল কাদের জুয়েল, সাংগঠনিক সম্পাদক শফিউল বারী প্রমুখ। কলেজ অডিটোরিয়ামে অনুষ্ঠান চলাকালে শিবিরের পক্ষ থেকে উপমন্ত্রীকে ফুলের মালা দেয়ার সময় ২০/২৫ জন শিবির কর্মী নবীন-বরণ অনুষ্ঠানে উস্কানিমূলক স্লোগান দেয়। ছাত্রদল কর্মীরা বাধা দিতে গেলে তারা ছাত্রদলের নেতাকর্মীদের ওপর হামলা চালায়। ফলে উভয় পক্ষে সংঘর্ষ বেধে যায়। সংঘর্ষ চলাকালে ইট-পাটকেল নিক্ষেপ ও চেয়ার ছোড়াছুড়ির ফলে অন্তত ১০ জন আহত হয়েছে বলে দাবি করা হয়েছে। আহতদের প্রাথমিক চিকিৎসা দিয়ে ছেড়ে দেয়া হয়েছে। ছাত্রদল অভিযোগ করেছে, শিবির ক্যাডাররা ছাত্রদলের অনুষ্ঠান পণ্ড করার জন্য পরিকল্পিতভাবে এই হামলা চালিয়েছিল। এ সময় তারা হামিদ এবং খালেদ নামে দু'ছাত্রদল কর্মীকে পাথর দিয়ে জখম করেছে।